

# বাংলাদেশ ব্যাংক

Website: www.bb.org.bd

প্রধান কার্যালয়  
ডাকবাস্তি নং ৩২৫  
ঢাকা ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৩

২৮ ফাল্গুন, ১৪২১ বঙ্গাব্দ  
তারিখঃ-----  
১২ মার্চ, ২০১৫ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সব তফসিলি ব্যাংক-কোম্পানী ।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর ধারণকৃত মিউচুয়াল ফাস্ট ইউনিটের মূল্য হ্রাসজনিত ক্ষতির বিপরীতে প্রতিশন সংরক্ষণ প্রসংগে

সার্বিক বাজার পরিস্থিতি বিবেচনায় ব্যাংক-কোম্পানী কর্তৃক ধারণকৃত মিউচুয়াল ফাস্ট ইউনিটের মূল্য হ্রাসজনিত ক্ষতির বিপরীতে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৩৮ ধারার প্রথম তফসিল অনুসারে প্রতিশন সংরক্ষণের ক্ষেত্রে পদ্ধতিগত পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এখন হতে ব্যাংক-কোম্পানী কর্তৃক ধারণকৃত মেয়াদী (Closed-end) ও বেমেয়াদী (Open-end) উভয় প্রকার মিউচুয়াল ফাস্ট ইউনিটের মূল্য হ্রাসজনিত ক্ষতির বিপরীতে নিম্নোক্ত নীতিমালা অনুসারে প্রতিশন সংরক্ষণ করতে হবে :

## মেয়াদী (Closed-end) মিউচুয়াল ফাস্টের ক্ষেত্রে

১) যদি বিবেচ্য মিউচুয়াল ফাস্ট ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) ঐ সময়ে উক্ত ইউনিটের বাজার মূল্য (MV) অথবা চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের ( $NAV_{cmp}$ ) শতকরা ৮৫ ভাগ -এর যেকোন একটি অপেক্ষা কম বা তার সমান হয় ( $CP \leq MV \text{ or } CP \leq NAV_{cmp} * 0.85$ ) , সেক্ষেত্রে প্রতিশন সংরক্ষণের কোন প্রয়োজন হবে না ।

২) যদি বিবেচ্য মিউচুয়াল ফাস্ট ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) ঐ সময়ে উক্ত ইউনিটের বাজার মূল্য (MV) অথবা চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের ( $NAV_{cmp}$ ) শতকরা ৮৫ ভাগ -এর যেকোন একটি অপেক্ষা বেশী হয় ( $CP > MV \text{ or } CP > NAV_{cmp} * 0.85$ ) , সেক্ষেত্রে

ক) যখন ইউনিটের বাজার মূল্য (MV) চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের ( $NAV_{cmp}$ ) শতকরা ৮৫ ভাগ এর বেশী বা তার সমান হবে ( $MV \geq NAV_{cmp} * 0.85$ ) , তখন

সংরক্ষিতব্য প্রতিশন (RP) = ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) - ইউনিটের বাজার মূল্য (MV)

খ) যখন ইউনিটের বাজার মূল্য (MV) চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের ( $NAV_{cmp}$ ) শতকরা ৮৫ ভাগ এর কম হবে ( $MV < NAV_{cmp} * 0.85$ ) , তখন

পূর্ব পাতা পর

সংরক্ষিতব্য প্রতিশন (RP) = ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) - চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের  
( $NAV_{cmp}$ ) শতকরা ৮৫ ভাগ ( $NAV_{cmp} * 0.85$ )

বেমেয়াদী (Open-end) মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে

বিবেচ্য মিউচ্যুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) এই সময়ে উক্ত ইউনিটের চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের ( $NAV_{cmp}$ ) শতকরা ৮৫ ভাগ -এর বেশী বা সমান হলে ( $CP \geq NAV_{cmp} * 0.85$ ) কোন প্রতিশন সংরক্ষণের প্রয়োজন হবে না। অন্যথায় ( $CP < NAV_{cmp} * 0.85$ ) নিম্নোক্তভাবে প্রতিশন সংরক্ষণ করতে হবে-

সংরক্ষিতব্য প্রতিশন (RP) = ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) - চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের  
( $NAV_{cmp}$ ) শতকরা ৮৫ ভাগ ( $NAV_{cmp} * 0.85$ )

সব ক্ষেত্রে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ৬০ নং বিধি অনুসারে সর্বশেষ  
নির্ণীত ও প্রকাশিত চলতি বাজার মূল্যে নীট সম্পদ মূল্য ( $NAV_{cmp}$ ) ব্যবহার করতে হবে।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস,

স্বাঃ/-

(এস, এম, রবিউল হাসান)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০০৯৩